



তথ্যবিবরণী

নম্বর: ১০১

আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে ও কাজে গতিশীলতা ফেরাতে গাড়ি পেলো আরএমপি

রাজশাহী; ০৩ অগ্রহায়ণ (১৮ নভেম্বর) :

আজ (১৮ নভেম্বর) সকাল ১১ টায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশ (আরএমপি) সদর দপ্তরে কাজে গতিশীলতা ফেরাতে ও আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশ হেডকোয়ার্টার্স থেকে প্রাপ্ত ৩টি গাড়ি বিভিন্ন থানায় হস্তান্তর করা হয়েছে। আরএমপি'র পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান গাড়ি ৩টি হস্তান্তর করেন। এসময় নগরীর বোয়ালিয়া, শাহমখদুম ও কাশিয়াডাঙ্গা থানার অফিসার ইনচার্জ গাড়ি ৩টি বুঝে নেন।

গাড়ি হস্তান্তর অনুষ্ঠানে পুলিশ কমিশনার বলেন, গত ০৫ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে কেন্দ্র করে দুর্বৃত্তদের হামলায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) সদর দপ্তরসহ কয়েকটি থানা, ডিবি অফিস, ট্রাফিক অফিস, ফাঁড়ি ও পুলিশ বক্স ক্ষতিগ্রস্ত হয়। লুট হয় সরকারি অস্ত্র-গুলি ও সরকারি মালামাল। একই সাথে পুড়িয়ে দেওয়া হয় বেশ কয়েকটি সরকারি গাড়ি, মোটরসাইকেল ও পুলিশ সদস্যের ব্যক্তিগত মোটরসাইকেল। এতে ব্যহত হয় পুলিশের টহল কার্যক্রম। ফলে অনেকটাই বাধাগ্রস্ত হয়ে পড়ে রাজশাহী নগরীর আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের কাজ। রাজশাহী মহানগরী এলাকায় আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশি কার্যক্রমে গতিশীলতা আনয়নে পুলিশ হেডকোয়ার্টার্স থেকে প্রাপ্ত গাড়িগুলো আরএমপি'র বোয়ালিয়া, শাহমখদুম ও কাশিয়াডাঙ্গা থানায় হস্তান্তর করা হচ্ছে। তিনি আরও বলেন, ইতোমধ্যে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের অগ্নি সংযোগে ক্ষতিগ্রস্ত ডিবি অফিস সংস্কার পরবর্তী কার্যক্রম শুরু হয়েছে। পুলিশ কমিশনার জানান, ক্ষতিগ্রস্ত আরএমপি ট্রাফিক অফিস সংস্কার কাজ চলছে এবং খুব শীঘ্রই অফিসের কার্যক্রম শুরু হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, আরএমপি'র নগর বিশেষ শাখার বিশেষ পুলিশ সুপার কে. এম. আরিফুল হক, বিভাগের উপ-পুলিশ কমিশনার বিভূতি ভূষন বানার্জী, বোয়ালিয়া ক্রাইম বিভাগের উপ-পুলিশ কমিশনার অনিবার্ন চাকমা, উপ-পুলিশ কমিশনার (সদর) মো. সাইফউদ্দীন শাহীন এবং আরএমপি'র অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ।##

.....
আতিক/আরিফ/রাফিদ/১৯:৩০ঘ.